দৈনিক ইনকিলাব

তারিখ ...0.2 APR 1997
পৃঃ ১ কলাম ৪

৩/

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষককে বরখাস্ত করায় তীব্র নিন্দা ও ক্ষোভ

গতকালের বিভিন্ন জাতীয় দৈনিকে 'বাউবির ৩ জন সাসপেণ্ড' শীর্ষক সংবাদ বিজ্ঞপ্তি প্রচার এবং ভিসি কর্তৃক জনৈক শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্তে তীব্র

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল (মঙ্গলবার) সমিতির নেতৃত্বে বাউবি'র শিক্ষকগণ এ ব্যাপারে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এম আমিনুল ইসলামের সাথে সাক্ষাৎ করে কর্তৃপক্ষের এ ধরনের অন্যায় ও অন্যায্য একতরফা সিদ্ধান্ত এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সুনাম ও মর্যাদা ক্ষুণ্নকারী অপতৎপরতার আনুষ্ঠানিক প্রতিবাদ জানিয়ে একটি স্মারকলিপি প্রদান করে। স্মারকলিপিতে তারা উক্ত বরখাস্তের আদেশ বিশ্ববিদ্যালয় আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ বা বিধিসম্মত না হওয়ায় এবং কথিত অভিযোগের সাথেও এর কোনো সংশ্লিষ্টতা না থাকায় অবিলম্বে উক্ত শিক্ষকের সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারের জোর দাবী জানান। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ভিসি অবশেষে ১ দিনের সময় চেয়েছেন। প্রেস বিজ্ঞপ্তি।